বাস ডিপো

বর্তমানে বিআরটিসিতে মোট বাস ডিপো ২২ টি । দিনাজপুর বাস ডিপোর নিয়ন্ত্রণে বাংলাবান্দা ও বগুড়া বাস ডিপোর অধীনে সিরাজগঞ্জ বাস ডিপো চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন।

বাস বহর

মাসের নাম	মোট বাসের সংখ্যা	সচল গাড়ীর সংখ্যা		ভারী মেরামতাধীন বাসের সংখ্যা
		নিজস্ব	দীর্ঘমেয়াদী লীজ	
অক্টোবর/২৩	১৩৫০	১২২১	৩৫	৯৪
নভেম্বর/২৩	১৩৫০	১২২০	৩৫	৯৫
ডিসেম্বর/২৩	১৩৫০	১২২০	৩৫	৯৫

১৯৬১ সাল থেকেবিআরটিসি সরকার কর্তৃক নির্ধারিত হারে উন্নত নিরাপদ যাত্রী সেবা দিয়ে আসছে । বর্তমানে বিআরটিসি বাসবহরে বিদ্যমান ১৩৫০ টি বাস রয়েছে, তন্মধ্যে ১২৫৫ টি বাস চলমান এবং অবশিষ্ট ৯৫ টি বাস মেরামতপূর্বক সচল করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এই সচল বাসবহর দিয়ে বিআরটিসি নিয়মিত যাত্রীসেবা প্রদানের পাশাপাশি হরতাল, অবরোধ, প্রাকৃতিক দুর্যোগসহ বিভিন্ন প্রতিকূলতায় যাত্রীসেবা প্রদান করে যাচ্ছে। ২০২২-২৩ অর্থবছরে ৮ কোটি ৩৯ লক্ষ যাত্রী বিআরটিসি'র পরিবহন সেবা গ্রহণ করেছে।

সিটি বাস সার্ভিস

দেশের বৃহৎ শহরে যাত্রী সাধারণের চলালচলের সুবিধার্থে বিআরটিসি সচল বাস দিয়ে সিটি সার্ভিস পরিচালনা করছে। সরকার নির্ধারিত ভাড়ায় নিরাপদে ও নিশ্চিন্তে যাত্রীসেবা প্রদানের লক্ষ্যে বিআরটিসি ঢাকা শহরে ৪১ টি বিভিন্ন রুটে বিভিন্ন মডেলের ৩০৩ টি বাস ও চট্টগ্রাম সহরে ০৩ টি রুটে ০৯ টি বাস সিটি বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে। এতে শহরের যাত্রীগণ নির্ধারিত ভাড়ায় নিরাপদে ভ্রমন সুবিধা পাচ্ছে।

চক্রাকার বাস সার্ভিস

যাত্রীদের যাতায়েতের সুবিধার্থে বিআরটিসি চক্রাকার বাস সার্ভিস চালু করেছে। একস্থান থেকে অন্যস্থানে সার্ভিসটি চালু করা হয়। শহরের মোহাম্মদপুর-পলাশী, দিয়াবাড়ী-মতিঝিল, উত্তরা খালপার-পঞ্চবটি রুটে বিআরটিসি'র ০৭ টি বাস দ্বারা চক্রাকার বাস সার্ভিসটি চালু করা হয়েছে । যাত্রী চাহিদার প্রেক্ষিতে পরবর্তীতে এ সার্ভিসে বাস সংখ্যা আরও বৃদ্ধি করা হবে।

আন্তঃজেলা বাস সার্ভিস

বিআরটিসি সচল বাস বহর দিয়ে দেশের জেলা/উপজেলাসহ প্রত্যন্ত অঞ্চলেও সূলভ মূল্যে নিরাপদ যাত্রী সেবা প্রদান করছে। সিটি সার্ভিসের পাশাপাশি দেশের ১৫৬ টি বিভিন্ন রুটে বিআরটিসি'র বিভিন্ন মডেলের (এসি, নন এসি ও টিসি/টাটা বাস) ৩৬৬ টি বাস চলাচল করছে। তাছাড়া ২৫/০৬/২০২২ ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা বহুমুখী সেতু উদ্বোধনের প্রেক্ষিতে ১৬/০৬/২০২২ ইং তারিখ হতে ঢাকা হতে স্বপ্নের পদ্মা সেতু দিয়ে দক্ষিণবঙ্গের বিভিন্ন রুটে বিআরটিসি বিভিন্ন মডেলের বাস সার্ভিস চালু করেছে। এতে যাত্রীসাধারণ সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ায় নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পার

আন্তর্জাতিক বাস সার্ভিস

দেশের ভৌগলিক সীমানা পেরিয়ে বিআরটিসি আন্তর্জাতিক অঙ্গনেও যাত্রীসেবা প্রদানের মাধ্যমে অনন্য ভূমিকা রেখেছে। দেশের অভ্যন্তরে বিআরটিসি বাসের মাধ্যমে যাত্রীসেবা প্রদানের পাশাপাশি প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে গত ০৯/০৭/১৯৯৯ ইং তারিখ হতে ঢাকা-কোলকাতা-ঢাকা রুটে বিআরটিসি'র ০২টি বাস দ্বারা আন্তর্জাতিক বাস সার্ভিস চালু করা হয়। পরবর্তীতে যাত্রীসাধারণের চাহিদার প্রেক্ষিতে ক্রমান্বয়ে আগারতলা-ঢাকা-কোলকাতা-ঢাকা, ঢাকা-শিলং-গৌহাটি-ঢাকা, ঢাকা-খুলনা-কোলকাতা ও ঢাকা-আগরতলা-ঢাকা সহ মোট ০৫টি আন্তর্জাতিক রুটে বিআরটিসি'র বাস চলাচল করছে।

স্টাফ বাস সার্ভিস

- সিটি ও আন্তঃজেলা রুটে বিআরটিসি বাস পরিচালনার পাশাপাশি সচিবালয়সহ বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সকল গ্রেডের কর্মচারীদের অফিসে যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি'র ২৩৮ টি বাস স্টাফ বাস হিসেবে পরিচালিত হচ্ছে।
  ঢাকাসহ সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি'র ২২৮ টি বাস নিয়মিত চলাচল করছে। ফলে শিক্ষার্থী যথাসময়ে স্বস্ব শিক্ষা প্রতিষ্ঠানে পৌছতে সুবিধা হচ্ছে।

মহিলা বাস সার্ভিস

বর্তমানে ঢাকা ও চট্টগ্রামে শহরের বিভিন্ন রুটে কর্মজীবীসহ ও অন্যান্য মহিলাদের বিভিন্ন গন্তব্যে আনা-নেয়ার জন্য বিআরটিসি'র ২৩টি বাস ২০টি রুটে মহিলা বাস সার্ভিস পরিচালনা করা হচ্ছিল। কিন্তু ২৩/০৩/২০২০ ইং তারিখ হতে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে মহিলা বাস সার্ভিস বন্ধ থাকে। বর্তমানে ০৯টি ভিন্ন ভিন্ন রুটে ০৯টি বিআরটিসি'র বাস মহিলা বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে।

স্কুল/কলেজ বাস সার্ভিস

ঢাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদে যাতায়াতের সুবিধার্থে এয়ারপোর্ট-শহীদ রমিজ উদ্দিন স্কুল রুটে ০১টি বাস, আজিমপুর-বেইলি রোড ভিকারুন্নেছা নুন স্কুল এন্ড কলেজ রুটে ০১টি বাস, কল্যানপুর-মহাম্মাদপুর রুটে ০১টি বাস এবং চট্টগ্রাম শহরের শিক্ষার্থীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদেযাতায়াতের জন্য ১০টি স্মার্ট স্কুল বাস সার্ভিস চালু করা হয়েছে।

ঢাকা নগর পরিবহন সার্ভিস

ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনায়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization করে একক কোম্পানীর মাধ্যমে ডিটিসিএ কর্তৃক বাস পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রণালয় মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত হয়ে এবং ঢাকা দক্ষিণ ও উত্তর সিটির মাননীয় মেয়র ও বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান সরাসরি উপস্থিত হয়ে গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকা নগর পরিবহন উদ্বোধন করা হয় । ২১ নং রুটে ও ২৬ নং রুটে ৬৫ টি দ্বিতল বাস এ সার্ভিস পরিচালনা করা হচ্ছে। যাত্রীসাধারণের সুবিধার্থে সার্ভিসটিতে ই-টিকেটিং সিস্টেম চালু করায় নির্দিষ্ট ভাড়ায় অতিরিক্ত ভাড়া দিতে হয় না। উক্ত সার্ভিসে নির্দিষ্ট কাউন্টার ব্যতিত যাত্রী উঠানামা করা হয় না। ফলে যাত্রীসাধারণ সুশৃঙ্খলভাবে বাসে উঠতে পারে, আরামদায়ক ও নিরাপদে ভ্রমণ করতে পারে। শীগ্রই আরও রুটে এ সেবা চালু করা হবে।

রুটের স্টপেজসমূহ		
রুট নং	আপ	ডাউন
২১ নং	ঘাটারচর-বসিলা-মোঃপুর থানা-সিটি কলেজ-শাহবাগ-মতিঝিল-টিকাটুলি-যাত্রাবাড়ী-শনিরআখড়া-সাইনবোর্ড-কাঁচপুর	কাঁচপুর-সাইনবোর্ড-শনিরআখড়া-যাত্রাবাড়ী-টিকাটুলি-মতিঝিল-শাহবাগ-সিটি কলেজ-মোঃপুর থানা-বসিলা- ঘাটারচর
২৬ নং	ঘাটারচর ওয়াসপুর-বসিলা-মোঃপুর-টাউনহল-আসাদগেট-কলাবাগান-সাইন্সল্যাব-নিউমার্কেট-আজিমপুর-পলাশী-চানখারপুল-পোস্তাগোলা-কদমতলী-পাগলাবাজার	পাগলাবাজার-কদমতলী-পোস্তাগোলা-চানখারপুল-পলাশী-আজিমপুর-নিউমার্কেট-সাইন্সল্যাব-কলাবাগান-আসাদগেট-টাউনহল-মোঃপুর-বসিলা-ঘাটারচর ওয়াসপুর

‘পর্যটক বাস সেবায় বিআরটিসি’

কক্সবাজারে আসা পর্যটকদের ভ্রমণ আরো আনন্দময় করতে কক্সবাজারজেলা প্রশাসনের উদ্যোগে ও বিআরটিসি’র সার্বিক সহযোগীতায় ‘ছাদখোলা দ্বিতল ট্যুরিস্ট বাস’ চালু করা হয়েছে। আধুনিক বাস দুটির একটি ৫৬ এবং অপরটি ৭৫ আসনবিশিষ্ট। বাসগুলেপে প্রেসিডেন্ট বিচ পয়েন্ট, হিমছড়ি, ইনানী, পাটুয়ারটেক হয়ে সাবরাং জিরো পয়েন্ট পর্যন্ত ৬টি স্থানে যাত্রা বিরতি দেবে। প্রথম ট্রিপ শুরু হবে সকাল ৯ টায় এবং ২য় ট্রিপ সকাল সাড়ে ১০ টায়।

‘বঙ্গবন্ধু ভ্রাম্যমাণ লাইব্রেরী’

বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর আদর্শ, ত্যাগ তিতিক্ষা, দেশপ্রেমিক চিন্তা ভাবনা ও বলিষ্ট নেতৃত্ব ভবিষ্যত প্রজন্মের নিকট তুলে ধরার জন্য বিআরটিসি নিজস্ব কারিগরি দক্ষতায় ‘বঙ্গবন্ধু ভ্রাম্যমাণ লাইব্রেরী’ বাসটি প্রস্তুত করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪/১১/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার বিআরটিসি’র ‘বঙ্গবন্ধু ভ্রাম্যমাণ লাইব্রেরীর’ শুভ উদ্বোধন করেছেন। এর মাধ্যমে জাতির সামনে বিআরটিসি’র সফলতার আরো একটি নতুন দিগন্তের দ্বার উন্মোচিত হলো।

বাস্তব সম্মত ও সৃজনশীল চিন্তাশক্তি থাকলে যে একটি ভঙ্গুর, দুর্নীতিগ্রস্থ ও জরাজীর্ণ প্রতিষ্ঠানকে উত্তরোত্তর উন্নত করা সম্ভব, তারই প্রমাণ রেখে চলেছেন বিআরটিসি’র বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। বিআরটিসি’তে নগর পরিবহন, মেট্রোরেলের শাটল বাস সার্ভিস, চট্টগ্রামে পর্যটক বাস সার্ভিস, এলিভেটেড এক্সপ্রেওয়ে শাটল বাস সার্ভিস, কক্সবাজারে টুরিস্ট বাস সার্ভিসের পাশাপাশি আরো একটি অবিস্মরণীয় সংযোজন ‘বঙ্গবন্ধু ভ্রাম্যমাণ লাইব্রেরী’র উদ্বোধন বিআরটিসি’র বর্তমান চেয়ারম্যানের আরও একটি সাফল্য।